দামুড়হুদায় ধর্মীয় অনুভূতিতে আঘাত দিয়ে টিকটক: কিশোর আটক

দামুড়হুদায় ধর্মীয় অনুভূতিতে আঘাত দিয়ে টিকটক করার অভিযোগে এক কিশোরকে (১৫) আটক করেছে পুলিশ। গতকাল রবিবার রাত সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলার গোবিন্দহুদা গ্রাম থেকে তাকে আটক করা হয়। দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির বিষয়টি নিশ্চিত করে বলেন সোমবার তাকে আদালতে প্রেরন করা হবে।

স্থানীয় ইউপি সদস্য মতিয়ার রহমান বলেন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বাংলাদেশি ইসলামী বক্তা ড. মিজানুর রহমান আজহারীর ছবি সঙ্গে পুজার নাচের একটি ভিডিও টিকটকে আপলোড করে গ্রামের এক কিশোর। বিষয়টি রবিবার সকালে স্থানীয়দের মাঝে জানাজানি হলে গোবিন্দহুদা গ্রামে উত্তেজনা সৃষ্টি হয়। সন্ধ্যার পর গ্রামের লোকজন একত্র হতে থাকেন। খবর পেয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রোকসানা মিতা, জেলা পুলিশের সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, দামুড়হুদা মডেল থানার ওসি আলমগীর কবির, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী ঘটনাস্থলে উপস্থিত হন। গ্রামবাসী অভিযুক্তকে বিচারের দাবি জানালে প্রশাসন আশ্বাস দিলে পরিস্থিতি স্বাভাবিক হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী বলেন একপাশে মিজানুর রহমান আজহারির ছবি ও আরেকপাশে পুজার নাচের দৃশ্য দিয়ে নিজের টিকটক আইডিতে আপলোড দেয় কিশোর। এতে এলাকার ধর্মপ্রাণ মুসলমানদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। গ্রামবাসী একত্র হতে শুরু করেন। আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হতে পারে রাতেই ইউএনও, সহকারী পুলিশ সুপার, ওসি ঘটনাস্থলে যায়। অভিযুক্তকে আইনের আওতায় এনে বিচারের আশ্বাদ দিলে পরিস্থিতি স্বাভাবিক হয়। রাতেই পুলিশ অভিযান চালিয়ে অভিযুক্তকে আটক করেছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির বলেন, ঐ ছেলে একটি টিকটক ভিডিও ছেরেছে। এটার বিষয়ে এলাকায় একটু সমস্যা হলে উর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থলে পৌছে অভিযুক্ত কিশোরকে আটক করে রাতেই হেফাজতে নেওয়া হয়েছে। ডিসি, এসপির সঙ্গে কথা বলেছি। আজ সোমবার তাকে বিগ্গ আদালতে প্রেরন করা হবে।

টিকটক কিনতে চায় ওরাকলও

মাইক্রোসফট, টুইটারের পর এবার টিকটকের মার্কিন, কানাডা, অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ডের ব্যবসা কিনতে মূল প্রতিষ্ঠান বাইটড্যান্সের সঙ্গে প্রাথমিক আলোচনা সেরেছে ওরাকল।

ইতোমধ্যে এ চুক্তির লক্ষ্যে জেনারেল আটলান্টিক এবং সিকোয়া ক্যাপিটালের মতো কিছুসংখ্যক মার্কিন বিনিয়োগকারীর সঙ্গে কাজ করছে ওরাকল।

ইতোমধ্যে বাইটড্যান্সে শেয়ার রয়েছে এ মার্কিন প্রতিষ্ঠানগুলোর। এ আলোচনার বিষয়ে তাৎক্ষণিক কোনো মন্তব্য করেনি বাইটড্যান্স, টিকটক বা ওরাকল। চলতি মাসের শুরুতে এক প্রতিবেদনে জানিয়েছে, টিকটকের মার্কিন ব্যবসা কিনতে আগ্রহ প্রকাশ করেছে টুইটার। অন্যদিকে চুক্তির চেষ্টা চালাচ্ছে মাইক্রোসফটও।

সোমবার এক প্রতিবেদনে আরেকটি খবর বেরিয়েছে, শুধু মার্কিন ব্যবসা নয় টিকটকের পুরো বৈশ্বিক ব্যবসা অধিগ্রহণে জোর দিচ্ছে মাইক্রোসফট। বিশেষভাবে ইউরোপ এবং ভারতের টিকটক ব্যবসা কিনতে আগ্রহী উইন্ডোজ নির্মাতা প্রতিষ্ঠানটি।

চীনের সঙ্গে সীমান্তে উত্তেজনার পরপরই ভারতে টিকটক নিষিদ্ধ করেছে দেশটির সরকার। টিকটকের মার্কিন ব্যবসা বিক্রি করতে ইতোমধ্যেই ৯০ দিনের সময় বেঁধে দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।